21

দৈনিক ইনকিলাব

তারিখ ... 25 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৩

# শিক্ষাঙ্গনে

## জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আমরা জানি ১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্সে নতুন কোর্স সিস্টেম চালু করা হয়েছে। এ পদ্ধতিতে প্রতি বছর একটি চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। আমরাই এ পরীক্ষায় প্রথম অংশগ্রহণ করতে যাচ্ছি। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, এখন পর্যন্ত আমরা পরীক্ষার তারিখ সম্পর্কে নিশ্চিত হতে পারিনি। যদিও শোনা যাচ্ছে পরীক্ষা ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে। যদি হয়ে থাকে তবে এটা আমাদের জন্য মোটেই উপযুক্ত সময় নয়। এর বিবিধ কারণ রয়েছে। প্রথমতঃ আমরা ভর্তি হয়েছি গত মার্চের শেষ দিকে এবং অদ্যাবধি পরীক্ষার তারিখ সম্পর্কে নিশ্চিতভাবে অবগত হতে পারিনি, যার কারণে পরীক্ষার প্রস্তুতি নেই বললেই চলে। দ্বিতীয়তঃ আমাদেরকে সাবসিডিয়ারী দু'টি বিষয় এবং অনার্স বিষয়সহ মোট তিনটি বিষয়ের উপর চূড়ান্ত পরীক্ষা দিতে হবে। সুতরাং তিনটি বিষয়ের জন্য এ সময় মোটেই পর্যাপ্ত নয়। তৃতীয়তঃ যেহেতু ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন ছাত্র-ছাত্রী পর পর দু'বছর ভর্তির সুযোগ গ্রহণ করতে পারে, সে কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনেক ছাত্র-ছাত্রী রয়েছে যারা দ্বিতীয়বার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার ইচ্ছা পোষণ করে। আর এখানে সাধারণতঃ ডিসেম্বর-জানুয়ারীর দিকে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। যদি জাতীয় বিশ্ববিদ্যালয়ের চূড়ান্ত পরীক্ষা ডিসেম্বরে অনুষ্ঠিত হয় তাহলে তাদের পক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার ইচ্ছা ইচ্ছাই থেকে যাবে, অংশগ্রহণ করা আর সম্ভব হবে না। উল্লেখিত সমস্যাগুলোর কথা বিবেচনা করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চূড়ান্ত পরীক্ষার তারিখ নির্ধারণ করে জানিয়ে দিলে আমাদের আর অনিশ্চয়তার মধ্যে হাবুডুবু খেতে হবে না।

——কে, এম, আর তৌফিক, কলেজ রোড, নলছিটি, ঝালকাঠী।